



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো এবং গভর্নর হুইটমার ট্রাম্প প্রশাসনের মহামারী প্রতিক্রিয়ার রাজনৈতিকায়ন  
সম্পর্কে কংগ্রেসের তত্ত্বাবধানে তদন্তের আহ্বান জানিয়েছেন**

নিউ ইয়র্কের গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং মিশিগানের গভর্নর গ্রেচেন হুইটমার আজ নিম্নলিখিত বিবৃতি প্রকাশ করেছেন যাতে তারা ট্রাম্প প্রশাসনের সরকারি কার্যক্রমের রাজনৈতিকায়নের বিষয়ে কংগ্রেসের তত্ত্বাবধানের তদন্তের আহ্বান জানিয়েছেন, যা COVID-19 মহামারীর প্রতি দেশটির প্রতিক্রিয়াকে বাধাগ্রস্ত করেছে:

"এটা একটা অদম্য সত্য যে মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বের যে কোন জাতির চেয়ে COVID-19 ভাইরাসের প্রতি সবচেয়ে খারাপভাবে সাড়া দিয়েছে। প্রায় 70 লক্ষ আমেরিকান এই ভাইরাসের জন্য পজিটিভ পরীক্ষা করেছে, এবং এর দ্বারা 200,000 এর ও বেশী আমেরিকান নিহত হয়েছে -- উভয়ই অন্য যে কোন দেশের চেয়ে বেশি। এই বেদনাদায়ক ঘটনার অভূতপূর্ব এবং অগ্রহণযোগ্য মাত্রা প্রেসিডেন্ট ট্রাম্প এবং ফেডারেল সরকারের প্রতারণা, রাজনৈতিক আত্মলেনদেন এবং অযোগ্যতার সরাসরি ফলাফল।

জনস্বাস্থ্য বিশেষজ্ঞ এবং পেশাদার সরকারি কর্মচারীদের উপদেশ এবং দিক নির্দেশনার দিকে না গিয়ে প্রেসিডেন্ট ট্রাম্প আমেরিকান জনগণের স্বাস্থ্য এবং নিরাপত্তাকে রাজনৈতিকভাবে নিযুক্তদের হাতে তুলে দিয়েছেন, যাদের প্রথম অগ্রাধিকার ছিল তাদের দাতার পুনর্নির্বাচন নিশ্চিত করা, যা পূর্বে অনুমিত এই বেদনাদায়ক ফলাফলে এসে দাঁড়িয়েছে।

গত সপ্তাহে প্রকাশিত হওয়া খবর যে হোয়াইট হাউস গত এপ্রিলে ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেসের (Department of Health and Human Services, HHS) যুক্তরাষ্ট্রের ডাক সেবা বিভাগকে (U.S. Postal Service, USPS) ব্যবহার করে দেশের প্রতিটি পরিবারে জীবন রক্ষাকারী পাঁচটি মাস্ক বিনামূল্যে প্রেরণ করার একটি পরিকল্পনায় বাধা দিয়েছে তা হৃদয়বিদারক। কল্পনা করুন যদি প্রতিটি পরিবারকে এত গুরুত্বপূর্ণ সময়ে মাস্ক সরবরাহ করা হত তাহলে কত জীবন বাঁচানো যেত।

আরো বিপজ্জনক, জাতি গত সপ্তাহে জানতে পেরেছে যে ইউ এস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেসের রাজনৈতিকভাবে নিযুক্ত ব্যক্তির সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) বিজ্ঞানীদের তীব্র আপত্তি থাকা সত্ত্বেও সমর্থনের অযোগ্য এই নির্দেশিকা প্রকাশ করেছে যেখানে বলা হয়েছে যে কোন লক্ষণ বিহীন ব্যক্তিদের

COVID পরীক্ষা করার প্রয়োজন নেই। এই সপ্তাহের শুরুতে এই ভাইরাসের বায়ুবাহিত সঞ্চালন সংক্রান্ত নির্দেশিকায় এজেন্সির সহসা পরিবর্তনের সাথে, এটা ক্রমশ পরিষ্কার যে প্রেসিডেন্ট এবং তার উপদেষ্টারা বিশেষজ্ঞদের বিশ্বাসযোগ্যতা খর্ব করার চেষ্টা করছেন যাদের তথ্য প্রশাসনের রাজনৈতিক এজেন্ডার বিপরীতে চলে।

একটি দেশ হিসেবে আমরা এই ধরনের রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত সিদ্ধান্ত গ্রহণের অনুমতি দিতে পারি না। যুক্তি নির্দেশ করে যে COVID আমাদের সম্মুখীন হওয়া শেষ জনস্বাস্থ্য চ্যালেঞ্জ হবে না, এবং বিজ্ঞান এবং বাস্তবতা শোনার বদলে আমরা আবারও রাজনৈতিকভাবে তার প্রতি সাড়া দিতে পারবো না। কংগ্রেসকে অবিলম্বে এই মহামারী বিষয়ে ট্রাম্প প্রশাসনের প্রতিক্রিয়া নিয়ে একটি তত্ত্বাবধায়ক তদন্ত পরিচালনা করতে হবে, যার মধ্যে HHS এবং USPS -এর কর্মকাণ্ড রয়েছে যা জনগণ গত সপ্তাহে জানতে পেরেছে। বিশেষ করে বব উডওয়ার্ডের প্রতিবেদনের আলোকে, প্রশ্ন, "তারা কী জানত এবং কখন তারা এটা জানতো?" উত্তর দেওয়ার জন্য ইতিহাসের বইয়ের প্রতি দায়িত্ব ছেড়ে দেওয়া যায় না। আমাদের ভবিষ্যৎ স্বাস্থ্য এবং অর্থনৈতিক নিরাপত্তা নির্ভর করে ট্রাম্প প্রশাসনের আজ জবাবদিহি করার উপর।"

###

আরও তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)